

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬০০

७/ जानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৫৫. বিপদে ধৈর্য ধারণ করা।

بَابِ مَا جَاءَ فِي الصَّبْرِ عَلَى الْمُصِيبَةِ

আরবী

_ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا وَكِيعُ بْنُ الْجَرَّاحِ عَنْ هِشَامِ بْنِ زِيَادٍ عَنْ أُمِّهِ عَنْ فَاطِمَةَ بِنْتِ الْحُسَيْنِ عَنْ أَبِيهَا قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم مَنْ أُصِيبَ بِمُصِيبَةٍ فَاطِمَةَ بِنْتِ الْحُسَيْنِ عَنْ أَبِيهَا قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم مَنْ أُصِيبَ بِمُصِيبَةٍ فَذَكَرَ مُصِيبَتَهُ فَأَحْدَثَ اسْتِرْجَاعًا وَإِنْ تَقَادَمَ عَهْدُهَا كَتَبَ اللهُ لَهُ مِنْ الْأَجْرِ مِثْلَهُ يَوْمَ أُصِيبَ

বাংলা

৫/১৬০০। হুসাইন বিন 'আলী (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কারো উপর বিপদ আসার পর তা স্মরণ করে ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন'' পাঠ করলে, আল্লাহ তার বিপদের দিন থেকে শুরু করে বিপদমুক্ত না হওয়া পর্যন্ত তাকে সওয়াব দান করতে থাকেন।

English

It was narrated from Fatimah bint Husain that her father said:

The Prophet (said: "Whoever was stricken with a calamity and when he remembers it he says 'Inna lillahi, wa inna ilayhi raji'un (Truly, to Allah we belong and truly, to Him we shall return),' even though it happened a long time ago, Allah will record for him a reward like that of the day it befell him."

ফুটনোট

আহমাদ ১৭৩৬ যঈফাহ ৪৫৫১।

তাহকীক আলবানীঃ অত্যন্ত যঈফ। উক্ত হাদিসের রাবী হিশাম বিন যিয়াদ সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন,



তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ নন। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু যুরআহ ও আবু হাতিম আর-রাযী তাকে দুর্বল বলেছেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি গায়ির সিকাহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হুসাইন ইবনু 'আলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন